

# INS Kiltan delivers 15 tons of flood relief material to Cambodia

December 30, 2020

## কম্বোডিয়ায় 15 টন বন্যাগ্রাণ সামগ্রী বিতরণ করেছে আইএনএস কিল্টন ডিসেম্বর 30, 2020

কম্বোডিয়ার বন্যায় ক্ষতিগ্রস্তদের জন্য ভারতীয় নৌবাহিনী জাহাজ "আইএনএস কিল্টন" আজ 15 টন বন্যাগ্রাণ সামগ্রী পৌঁছে দেওয়ায় ভারত ও কম্বোডিয়ার মধ্যে বহুপ্রাচীন বন্ধুত্বপূর্ণ সম্পর্কের ক্ষেত্রে আর একটি গৌরবময় অধ্যায় লেখা হল। ভারতের প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদির ভাবধারায় সিকিউরিটি অ্যান্ড গ্রোথ ফর অল ইন দ্য রিজিয়ন (সাগর) অনুসারে ভারতীয় নৌবাহিনীর মিশন সাগর-III -এর অধীনে "আইএনএস কিল্টন" 29 ডিসেম্বর 2020 তারিখে সিহানুকভিল বন্দরে পৌঁছায়।

রয়্যাল কম্বোডিয়ান নেভির পক্ষ থেকে কমোডোর সোথেমেরা আইএনএস কিল্টনের এই সফরকে আন্তরিকভাবে স্বাগত জানান এবং কম্বোডিয়ার জনগণের প্রতি গ্রাণ সরবরাহের এই বদান্যতা প্রকাশের জন্য ভারত সরকারকে ধন্যবাদ জানান। 30 ডিসেম্বর 2020 তারিখে, ভারত সরকারের পক্ষ থেকে সিহানুকভিল বন্দরে আয়োজিত এক অনুষ্ঠানে, মিঃ বি সুক্বা রাও, চার্জ ডি'অ্যাফায়ার্স এবং দ্বিতীয় সচিব (পল অ্যান্ড কম), ভারতীয় দূতাবাস, নম পেন, কম্বোডিয়া কিংডমের দুর্যোগ ব্যবস্থাপনার জাতীয় কমিটির স্থায়ী ভাইস প্রেসিডেন্ট এবং সামাদেক টেকো হন সেনের উপদেষ্টা, মাননীয় হ্যাং সামোইউনকে 15 টন বন্যার গ্রাণ সামগ্রী হস্তান্তর করেন। কম্বোডিয়া রয়্যাল সরকারের তরফ থেকে বন্যার গ্রাণ সামগ্রী গ্রহণ করার সময়, মাননীয় সামোইউন দু'দেশের মধ্যকার বন্ধুত্বের দৃঢ় বন্ধনের কথা স্মরণ করেন এবং কম্বোডিয়ার বন্যায় ক্ষতিগ্রস্ত মানুষদের সাহায্য করার মত মানবিক আচরণের জন্য ভারত সরকারকে ধন্যবাদ জানান।

"মিশন সাগর" এর অধীনে কম্বোডিয়ায় 15 টন বন্যাগ্রাণ সামগ্রী সরবরাহের জন্য আইএনএস কিল্টনের সিহানুকভিল বন্দর পরিদর্শন ও সাক্ষাৎ বিদেশী বন্ধু দেশে ভারতের হিউম্যানিটারিয়ান অ্যাসিস্ট্যান্স অ্যান্ড ডিসাস্টার রিলিফ (এইচএডিআর)-এর সহায়তার একটি অংশ যা ভারতের নিকটবর্তী উপকূলবর্তী প্রতিবেশী কম্বোডিয়াকে সংযুক্ত করে।

ডিসেম্বর 30, 2020

DISCLAIMER: This is an approximate translation. The original is available in English on MEA's website and may be referred to as the official press release.